কালের কণ্ঠ

তারিখ [illegible]
পৃঃ ৮ কলাম ২

### কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকের বহিষ্কার দাবিতে বিক্ষোভ

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) মাহবুবুল হক ভুঁইয়া তারেকের বহিষ্কারের দাবিতে ক্যাম্পাসে আন্দোলন করছে ছাত্রলীগ। গতকাল বুধবার সকাল থেকে প্রশাসনিক ভবন ও একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে এবং ক্যাম্পাসের প্রধান ফটকে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেছে তারা। মাহবুবুল হক ভুঁইয়ার বিরুদ্ধে অভিযোগ, তিনি জাতীয় শোক দিবসের আলোচনায় অংশ না নিয়ে ওই সময় নিজ বিভাগের শিক্ষার্থীদের ক্লাস করিয়েছেন। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ গত মঙ্গলবারই ২৪ ঘণ্টার মধ্যে অভিযুক্ত শিক্ষকের বহিষ্কার চেয়ে উপাচার্য বরাবর স্মারকলিপি দেয়।

মাহবুবুল হক ভুঁইয়া তারেক মঙ্গলবার গণমাধ্যমকে বলেছিলেন, 'এটা আমার বিরুদ্ধে ষড়যন্ত্র। বিভাগের শিক্ষার্থীদের সেমিস্টার ফাইনাল পরীক্ষা চলছে, শিক্ষার্থীরা কিছু বিষয় না বোঝার কারণে আমার কাছে বুঝতে এসেছিল। অফিস রুমে গেস্ট ছিল, তাই ক্লাসরুমে শিক্ষার্থীদের বিষয়গুলো বুঝিয়ে দিচ্ছিলাম।'

[illegible]
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
[illegible]
[illegible]
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর